**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

## সোমবার পর্যন্ত ভারী তুষারপাত, বরফ ও বাতাস মোকাবেলায় প্রস্তুত থাকার জন্য নিউ ইয়র্কবাসীদের প্রতি গভর্নর হোকলের সনির্বন্ধ অনুরোধ

***ওয়েস্টার্ন নিউ ইয়র্কে ঘণ্টায় তিন ইঞ্চি হারে তুষারপাত হয়ে মোট 18 ইঞ্চি পর্যন্ত বরফ জমে যেতে পারে***

***ঝড়ো আবহাওয়ার কারণে নর্থল্যান্ড কাউন্টির উত্তরের সব পরীক্ষা ও টিকাদান কেন্দ্র বন্ধ থাকবে***

***তুষারপাত, বরফ, বৃষ্টি ও বাতাসের সংমিশ্রণের কারণে ভ্রমণের জন্য বিপজ্জনক অবস্থা তৈরি হবে, বিদ্যুৎ বিভ্রাট ঘটার সম্ভাবনা রয়েছে***

***ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলোতে রবিবার রাতে ও সোমবারে অপ্রয়োজনীয় ভ্রমণ না করতে গভর্নর পরামর্শ দিয়েছেন***

***এছাড়াও নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড ও সাদার্ন ওয়েস্টচেস্টারে সোমবার পর্যন্ত উপকূলীয় বন্যার সতর্কতা কার্যকর থাকবে***

গভর্নর ক্যাথি হোকল আজ রবিবার সন্ধ্যা থেকে শুরু করে সোমবার বিকেল পর্যন্ত কিছু অঞ্চলে ভারী তুষারপাত এবং অন্যান্য অঞ্চলে তুষারপাত ও বৃষ্টি নিয়ে আসবে বলে আশংকা থাকা শীতকালীন আবহাওয়ার জন্য প্রস্তুত থাকতে নিউ ইয়র্কবাসীদের প্রতি সনির্বন্ধ অনুরোধ জানিয়েছেন। ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস ও নর্থ কান্ট্রিতে ঘণ্টায় তিন ইঞ্চি পর্যন্ত হারে তুষারপাত হয়ে মোট 18 ইঞ্চি পর্যন্ত বরফ জমা হতে পারে। অন্যান্য অঞ্চলে ভারী তুষারপাত অথবা তুষারপাত, বরফ ও বৃষ্টির সমন্বয় দেখা যাবে। বিরূপ আবহাওয়ার সময়জুড়ে ঘণ্টায় 45 মাইল পর্যন্ত গতিবেগের ঝড়ো হাওয়া তুষারপাত ও বরফ ঝড় তৈরির আশংকা রয়েছে, এবং এসবের সংমিশ্রণের ফলে ভ্রমণের জন্য বিপজ্জনক অবস্থা তৈরি হবে এবং বিদ্যুৎ বিভ্রাট দেখা দেওয়ার সম্ভাবনা রয়েছে। ঝড়ো আবহাওয়ার কারণে রকল্যান্ড কাউন্টির উত্তর পাশে অবস্থিত স্টেটের সব কোভিড-19 পরীক্ষা ও টিকাদান কেন্দ্র বন্ধ থাকবে। যারা অ্যাপয়েন্টমেন্ট নিয়েছেন তাদেরকে অ্যাপয়েন্টমেন্ট বাতিল হওয়ার বিজ্ঞপ্তি পাঠানো হবে এবং পুনরায় অ্যাপয়েন্টমেন্ট গ্রহণ সংক্রান্ত তথ্য জানিয়ে দেওয়া হবে।

"নিশ্চিতভাবে নিউ ইয়র্ক এই শীতে এখন পর্যন্ত সবচেয়ে বড় ঝড়গুলোর একটি মোকাবেলা করতে যাচ্ছে এবং আমাদের ক্রুরা আমাদের সড়কপথ প্রস্তুত রাখতে ও গুরুত্বপূর্ণ সম্পদগুলো একত্রিত করতে পূর্ণ উদ্যমে কাজ করে যাচ্ছেন," **বলেছেন গভর্নর হোকল।** "ঠাণ্ডায় জমে যাওয়ার মতো তাপমাত্রা চলতে থাকায় এবং ভারী তুষারপাতের পূর্বাভাস থাকায়, আমি সব নিউ ইয়র্কবাসীকে ঝড় চলাকালীন সময়ে তাদের স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের দিকে নজর রাখতে এবং অপ্রয়োজনীয় ভ্রমণ থেকে বিরত থাকতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

রবিবার সন্ধ্যা থেকে তুষারপাত শুরু হয়ে স্টেটের দক্ষিণ অঞ্চল থেকে উত্তর দিকে সরে যাবে এবং রাত থেকে ভোরবেলা পর্যন্ত সবচেয়ে বেশি তুষারপাত হবে বলে আশংকা করা হচ্ছে। রবিবার দিনের শেষভাগ থেকে শুরু করে সোমবার ভোর পর্যন্ত কিছু এলাকায় তুষার, বরফ ও বৃষ্টির সংমিশ্রণে শীতল আবহাওয়া দেখা যেতে পারে এবং পরবর্তীতে সোমবার সকাল নাগাদ তুষারপাতে ফিরে যাবে। আপস্টেট অঞ্চলগুলোতে মোট 6-20" ইঞ্চি পর্যন্ত তুষার জমা হতে পারে এবং এক ইঞ্চির এক দশমাংশ পর্যন্ত বরফ জমা হতে পারে।

**স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর ভারপ্রাপ্ত কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "নিউ ইয়র্কবাসীদের আগামী 24 ঘণ্টার জন্য তাদের স্থানীয় আবহাওয়ার পূর্বাভাসের প্রতি গভীর মনোযোগ দেওয়া উচিত এবং আপস্টেট এলাকাগুলোতে ভ্রমণের ক্ষেত্রে ঝুঁকিপূর্ণ অবস্থার জন্য প্রস্তুত থাকা উচিত। এই ঝড়ের প্রতি সাড়াদানের জন্য আমাদের কাছে যথাযথ সম্পদ রয়েছে এবং প্রয়োজন দেখা দিলে, স্থানীয় সরকারগুলোকে সহায়তা করতে আমরা প্রস্তুত আছি তা নিশ্চিত করতে অফিস অব ইমারজেন্সি ম্যানেজমেন্ট (Office of Emergency Management) এবং আমাদের স্টেট সংস্থার অংশীদাররা এই ছুটির দিনে সম্পূর্ণভাবে নিযুক্ত থাকবেন।"

ওয়েস্টার্ন NY, ফিঙ্গার লেকস, সেন্ট্রাল NY, সাদার্ন টিয়ার, নর্থ কান্ট্রি, মোহাক ভ্যালি, ক্যাপিটাল ডিস্ট্রিক্ট এবং মিড-হাডসন অঞ্চলের একাধিক কাউন্টির জন্য সোমবার রাত পর্যন্ত স্টেটব্যাপী শীতকালীন আবহাওয়া সংক্রান্ত সতর্কীকরণ ও পরামর্শ প্রদানের ব্যবস্থা করা হয়েছে। নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড সাদার্ন ওয়েস্টচেস্টার কাউন্টির জন্য সোমবার পর্যন্ত উপকূলীয় বন্যার সতর্কতা কার্যকর করা হয়েছে।

আপনার এলাকার জন্য আবহাওয়া সংক্রান্ত পরামর্শসমূহের পূর্ণাঙ্গ তালিকা পেতে, আপনার এলাকার জাতীয় আবহাওয়া পরিষেবার ওয়েবসাইট দেখুন৷

## এজেন্সির প্রস্তুতি

### স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services)

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর জরুরি কার্যক্রম পরিচালনা কেন্দ্র সক্রিয় করা হয়েছে এবং এটি নিবিড়ভাবে অবস্থা পর্যবেক্ষণ করবে, সাড়াদান কার্যক্রম সমন্বয় করবে,

এবং দুর্যোগের সময়জুড়ে স্থানীয়দের সাথে যোগাযোগ রক্ষা করবে। এলাকাগুলোতে ঝড়ো আবহাওয়ার ফলে তৈরি হওয়া যেকোনো প্রয়োজন, যেমন পাম্প, চেইন, স্যান্ডব্যাগ, জেনারেটর, কট, কম্বল, ও বোতলজাত পানি, ইত্যাদির চাহিদা পূরণে সহায়তার জন্য স্টেটের সংস্থানগুলোর মজুদ প্রস্তুত রয়েছে।

## পরিবহন বিভাগ

স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) স্টেটজুড়ে 3,400 জনেরও বেশি সুপারভাইজার ও অপারেটর নিয়ে এই তুষার ও বরফের ঘটনার প্রতি সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে।
সংকটপূর্ণ এলাকাগুলোতে তুষার ও বরফ সরানোর কাজে সহায়তা করার জন্য 15 জন প্লাউ ট্রাক অপারেটর ও 4 জন ইকুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর সহ মোট 19 জন কর্মী মোতায়েন করা হচ্ছে। তাদেরকে নিম্নোক্ত উপায়ে বন্টন করা হয়েছে:

- মোহাক ভ্যালি: লং আইল্যান্ড থেকে 4 জন প্লাউ অপারেটর এবং 2 জন ইকুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
- ওয়েস্টার্ন NY: লং আইল্যান্ড থেকে 7 জন প্লাউ অপারেটর এবং 2 জন ইকুইপমেন্ট অপারেটর ইনস্ট্রাক্টর পাচ্ছে
- ফিঙ্গার লেকস: লং আইল্যান্ড থেকে 4 জন প্লাউ অপারেটর পাচ্ছে

তুষারপাত শুরু হওয়ার আগে রবিবার বিকেলে এলাকার বাইরের সকল সম্পদ যথাস্থানে পৌঁছানো হবে। পুরো সময়জুড়ে আবহাওয়ার অবস্থা বিবেচনায় নিয়ে বাড়তি সম্পদ বরাদ্দের প্রয়োজন পুনর্মূল্যায়ন করা হবে।

ঘটনার সময়ে এবং অগ্রাধিকারমূলক পরিষ্কার কার্যক্রম চলাকালীন সময়ে 24/7 কার্যপরিচালনা করার জন্য সব আবাসিক এলাকাতে কর্মী নিয়োগ করা হবে। তুষার ও বরফ সরানোর সব লভ্য সরঞ্জাম মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। স্টেট জুড়ে থাকা ইকুইপমেন্টের সংখ্যা নিম্নরূপ:

- 1602টি বিশাল প্লাউ ট্রাক
- 150টি মিডিয়াম ডিউটি প্লাউ
- 51টি টো প্লাউ
- 323টি বিশাল লোডার
- 39টি স্নো ব্লোয়ার

নিম্নলিখিত স্থানগুলোতে টো সার্ভিস কাজে লাগানো হবে: NY 5 (এরি), I-390 (স্টিউবেন), I-86 (চেমুং), I-86 (স্টিউবেন), I-99 (স্টিউবেন), I-390 (মনরো), I-490 (মনরো), US 20 (ম্যাডিসন), I-81 (ব্রুম), I-88 (ব্রুম), NY 17 (ব্রুম), NY 17 (সালিভান), I-88 (স্কহারি), NY 209 (ডেলাওয়্যার), I-84 (ডাচেস), I-84 (অরেঞ্জ), I-684 (ডাচেস), I-81 (ওনোনডেগা), হাচিনসন রিভার পার্কওয়ে, ক্রস কাউন্টি পার্কওয়ে, স মিল রিভার পার্কওয়ে, স্প্রেইন ব্রুক স্টেট পার্কওয়ে, ও ট্যাকোনিক

স্টেট পার্কওয়ে। পরিস্থিতি অনুযায়ী পরবর্তীতে বাড়তি টো সার্ভিসের প্রয়োজন পুনরায় মূল্যায়ন করা হবে।

**থ্রুওয়ে কর্তৃপক্ষ**

ঝড় চলাকালীন সময়ে সব থ্রুওয়ে কর্তৃপক্ষ রক্ষণাবেক্ষণ সেকশনে 24/7 কর্মী নিয়োগ করা হবে এবং নির্বাচিত আঞ্চলিক অপারেশন সেন্টারগুলোতে রাস্তার অবস্থা তদারক করা এবং প্রয়োজন অনুসারে পুনরায় সম্পদ বরাদ্দের জন্য কর্মী নিয়োগ করা হবে। থ্রুওয়েতে 681 জন অপারেটর ও সুপারভাইজার স্টেটব্যাপী 248টি বড় স্নো প্লাউ, 116টি মাঝারি স্নো প্লাউ, 10টি টো প্লাউ এবং 66টি লোডার নিয়ে 118,000 টনেরও বেশি রোড সল্টের মজুদ সহ সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছেন।

থ্রুওয়েতে মোটরচালকদেরকে শীতকালীন আবহাওয়ার অবস্থা সম্পর্কে সতর্ক করতে বিভিন্ন ধরনের মেসেজ সাইন ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে কর্তৃপক্ষ তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে গাড়িচালকদেরকে উৎসাহিত করে যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। এছাড়াও গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট (TRANSalert) ই-মেইলের জন্য সাইন-আপ করতে পারেন যা থ্রুওয়ে সংলগ্ন যানবাহনের সর্বশেষ অবস্থা সম্পর্কে এখানে তথ্য প্রদান করে।

**পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation)**

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ম্যানেজমেন্ট স্টাফ এবং আঞ্চলিক স্টাফরা সতর্ক থাকবেন এবং পরিবর্তিত পরিস্থিতিতে নজর রাখবেন এবং খারাপ আবহাওয়ার দরুন ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে এরকম এরিয়া এবং অবকাঠামোগুলিতে তারা টহলদারি চালাবেন। যেকোনো জরুরি সাড়া প্রদানের ক্ষেত্রে সহায়তা করার জন্য লভ্য সব সম্পদ যথাস্থানে নিয়োজিত রয়েছে।

একটি নিরাপদ ও উপভোগ্য শীতকালীন অভিজ্ঞতা নিশ্চিত করতে, DEC ঘরের বাইরে গমনকারীদেরকে আগাম পরিকল্পনা করতে এবং তুষার, বরফ ও ঠাণ্ডার জন্য উপযুক্ত পোশাক ও সরঞ্জাম নিয়ে প্রস্তুত থাকতে পরামর্শ দিচ্ছে।

**পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ দপ্তর (Office of Parks, Recreation and Historic Preservation)**

নিউ ইয়র্ক স্টেট পার্ক পুলিশ এবং পার্কের পার্সোনেলরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি এবং তার পরিণামের উপর কড়া নজর রাখছেন। পার্কে গমনকারীদের parks.ny.gov ওয়েবসাইট চেক করা উচিত অথবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিত।

**জনসেবা বিভাগ (Department of Public Service)**

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধার প্রচেষ্টার উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 7,000 জন শ্রমিক রয়েছে। এজেন্সির কর্মীরা পুরো সময়জুড়ে ইউটিলিটি কার্যক্রমের ট্র্যাক রাখবে এবং সবচেয়ে বেশি

প্রভাবিত হতে পারে বলে ধারণা করা এলাকাগুলোতে ইউটিলিটি এজেন্সিগুলোর যথাযথ কর্মী নিয়োগের বিষয়টি নিশ্চিত করবে।

## নিউ ইয়র্ক স্টেট পুলিশ

স্টেট পুলিশ (State Police) ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে প্রয়োজন অনুযায়ী অতিরিক্ত ট্রুপার মোতায়েন করতে প্রস্তুত রয়েছে। স্টেট পুলিশের সব চার-চাকার যান এবং স্নোমোবাইল ও ইউটিলিটি টেরেইন ভেহিকেল সহ বিশেষায়িত যানবাহন অবিলম্বে সাড়াদানের জন্য প্রস্তুত রয়েছে, এবং সকল জরুরি বিদ্যুৎ ও যোগাযোগের সরঞ্জাম পরীক্ষা করা হয়েছে।

## নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) / ক্যানাল কর্পোরেশন (Canal Corporation)

নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি (New York Power Authority) এবং ক্যানেল কর্পোরেশন (Canal Corporation)-এর কর্মীরা সকল ফ্যাসিলিটি, সম্পদ ও সরঞ্জাম নিরাপদ ও প্রস্তুত রয়েছে বলে নিশ্চিত করতে প্রস্তুতি সম্পন্ন করছেন। প্রয়োজনে বিদ্যুৎ পুনরুদ্ধার কার্যক্রমকে সহায়তা করার জন্য বিদ্যুৎ কর্তৃপক্ষ প্রস্তুত।

## মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি

নিরাপদ, নির্ভরযোগ্য পরিষেবা নিশ্চিত করার জন্য MTA নিবিড়ভাবে আবহাওয়ার অবস্থা পর্যবেক্ষণ করছে। লবণ ছিটানো, যেসব প্ল্যাটফর্ম ও সিঁড়িতে বরফ রয়েছে সেগুলো পরিষ্কার রাখা, এবং সিগনাল, সুইচ, ও থার্ড রেল কর্মক্ষম রাখার জন্য MTA কর্মীরা নিয়োজিত থাকবেন।

MTA ব্রিজ ও টানেল (MTA Bridges and Tunnels) রবিবার, 16 জানুয়ারি সন্ধ্যা 7:00টা থেকে সোমবার, 17 জানুয়ারি সকাল 11:00টা পর্যন্ত খালি ট্র্যাক্টর-ট্রেইলার ও ট্যান্ডেম (পিগিব্যাক, ডুয়াল, ট্রিপল, ইত্যাদি) ট্রাকের উপর হালকা নিষেধাজ্ঞা কার্যকর করছে। ক্রস বে ও মেরিন পার্কওয়ে ব্রিজে পথচারীদের চলার পথগুলোও এই সময়ে বন্ধ থাকবে৷ আবহাওয়া অনুকূলে থাকলে, রবার্ট এফ. কেনেডি ও হেনরি হাডসন ব্রিজের পথচারীদের চলার পথগুলো খোলা থাকবে।গাড়ি চালকদেরও বরফে ঢাকা সড়কপথে গাড়ি চালানোর সময় সতর্কতা অবলম্বন করতে এবং গতি কমিয়ে গাড়ি চালাতে পরামর্শ দেওয়া হচ্ছে।

গ্রাহকদেরকে পরিষেবার সর্বশেষ আপডেট জানতে new.mta.info চেক করার জন্য, এবং সিস্টেম ব্যবহারের সময়ে সতর্কতা অবলম্বনের জন্য উৎসাহিত করা হচ্ছে। গ্রাহকদের টেক্সট বা ইমেইলের মাধ্যম রিয়েল টাইম সার্ভিস অ্যালার্টের জন্য সাইন আপ করা উচিৎ। MTA-এর অ্যাপগুলির মাধ্যমেও এই সতর্কতা পাওয়া যায়: MYmta, লং আইল্যান্ড রেলপথের ট্রেনের সময় এবং মেট্রো-নর্থ ট্রেনের সময়।

## নিউ ইয়র্ক ও নিউ জার্সি বন্দর কর্তৃপক্ষ

পোর্ট অথরিটিও আবহাওয়া পরিস্থিতির উপর নজর রাখছে। ব্রিজ, সর্বোপরি রোডওয়ে বরাবর এবং ক্রসিংগুলিতে গতির উর্ধ্বসীমা বেঁধে দেওয়া হতে পারে। বিলম্ব এবং বাতিলকরণের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য ক্যারিয়ার এবং এয়ারলাইনের সাথে সরাসরি যোগাযোগ করতে পোর্ট অথরিটির ফেসিলিটি থেকে যাত্রীদের উৎসাহ দেওয়া হচ্ছে। পোর্ট অথোরিটির

ফ্যাসিলিটিসমূহ সম্পর্কে সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে সোশ্যাল মিডিয়া চেক করুন, PA অ্যালার্ট-এর জন্য সাইন আপ করুন অথবা PA মোবাইল অ্যাপগুলির মধ্যে একটি ডাউনলোড করুন।

## নিরাপত্তা সংক্রান্ত পরামর্শ

## ফ্রস্টবাইট

- ফ্রস্টবাইট এড়াতে, প্রচণ্ড ঠাণ্ডার সময় বাড়ির ভিতরে থাকুন।
- যদি আপনাকে বাধ্য হয়ে ঘরের বাইরে যেতে হয়, তাহলে আপনার শরীরের প্রতিটি অংশ ঢেকে রাখার চেষ্টা করুন: কান, নাক, পায়ের পাতা ও আঙুল ইত্যাদি। গ্লাভসের চেয়ে মিটেন ভালো হবে। আপনার ত্বক শুষ্ক রাখুন এবং যথাসম্ভব বাতাস থেকে দূরে থাকুন।
- প্রচুর পরিমাণে তরল পান করুন যেহেতু হাইড্রেশন রক্তের পরিমাণ বাড়ায়, যা ফ্রস্টবাইট প্রতিরোধে সাহায্য করে। ক্যাফেইন, অ্যালকোহল ও সিগারেট এড়িয়ে চলুন - ক্যাফেইন রক্তনালীগুলোকে সংকুচিত করে এবং শরীর উষ্ণ হওয়া প্রতিরোধ করে, অ্যালকোহল কাঁপুনি কমিয়ে দেয়, যা আপনাকে উষ্ণ থাকতে সাহায্য করতো, এবং সিগারেট ব্যবহার আপনার হাতে রক্ত প্রবাহ বন্ধ করে দেয়।
- ফ্রস্টবাইটের ব্যাপারে সন্দেহ হলে ঘরের ভেতরে যাওয়ার আগ পর্যন্ত শরীরের ঠাণ্ডা অংশ ঘষবেন না বা ম্যাসাজ করবেন না। উষ্ণ তরল পান করুন। পোশাকের বাড়তি স্তর ও কম্বল পরে থাকুন। আংটি, ঘড়ি এবং আঁটসাঁট যেকোনো কিছু খুলে ফেলুন।
- ঘরের ভেতরে আসার পর ফ্রস্টবাইট হওয়া পায়ে হাঁটবেন না - আপনার আরো বেশি ক্ষতি হতে পারে। একটি উষ্ণ (গরম নয়) বাথটাবে বসে থাকুন এবং একটি ভেজা, উষ্ণ (গরম নয়) তোয়ালে দিয়ে আপনার মুখ ও কান মুড়িয়ে নিন।
- গরম চুলা বা হিটারের কাছে যাবেন না অথবা হিটিং প্যাড, গরম পানির বোতল, অথবা হেয়ার ড্রায়ার ব্যবহার করবেন না। অনুভূতি ফিরে আসার আগে আপনি নিজের ত্বক পুড়িয়ে ফেলতে পারেন।
- ফ্রস্টবাইট হওয়া ত্বক লাল হয়ে ফুলে উঠবে এবং আগুনে পুড়ে যাওয়ার অনুভূতি হবে। আপনার ফোস্কা বেড়ে যেতে পারে। ফোসকা গলিয়ে দেবেন না। এর ফলে ক্ষত হয়ে যেতে পারে।
- যদি আপনার ত্বক নীল বা ধূসর হয়ে যায়, অনেক বেশি ফুলে যায়, ফোস্কা পড়ে অথবা ত্বকের নিচেও শক্ত ও অসাড় বোধ হয়, তাহলে তৎক্ষণাৎ হাসপাতালে যান।

## হাইপোথার্মিয়া

- দীর্ঘ সময় ধরে শীতল তাপমাত্রায় থাকলে হাইপোথার্মিয়া হতে পারে, বিশেষ করে শিশু ও বয়স্কদের ক্ষেত্রে।

- নিম্নলিখিত লক্ষণগুলোর দিকে খেয়াল রাখুন: মনোযোগ দিতে না পারা, সমন্বয় দুর্বল হয়ে যাওয়া, অস্পষ্ট কথা, তন্দ্রা, ক্লান্তি এবং/অথবা অনিয়ন্ত্রিত কাঁপুনির পরে হঠাৎ কাঁপুনি বন্ধ হয়ে যাওয়া।
- যদি কোনো ব্যক্তির শরীরের তাপমাত্রা 95 ডিগ্রি ফারেনহাইটের নিচে নেমে যায়, তাহলে অবিলম্বে জরুরি চিকিৎসা সহায়তার ব্যবস্থা করুন।
- ভেজা পোশাক খুলে ফেলুন, ভুক্তভোগীকে উষ্ণ কম্বলে জড়িয়ে রাখুন, এবং সাহায্য না আসা পর্যন্ত তাকে উষ্ণ, অ্যালকোহলবিহীন, ক্যাফেইনবিহীন তরল পান করতে দিন।

## পানির পাইপ সুরক্ষিত রাখা

নিম্নলিখিত পদক্ষেপগুলো অনুসরণ করে পানির পাইপ জমে যাওয়ার সমস্যা ও খারাপ অবস্থা প্রতিরোধ করুন এবং আপনার বাড়ি, অ্যাপার্টমেন্ট, বা ব্যবসা প্রতিষ্ঠানকে সুরক্ষিত রাখুন:

- ঠাণ্ডার সময়ে রাতের বেলায় ঘরের বাইরের দেয়ালে নল থেকে ফোঁটায় ফোঁটায় ঠাণ্ডা ও গরম পানি পড়তে দিন। বাইরের দেয়ালের কাছাকাছি একটি বেসিনে বা অ্যাপ্লায়েন্সের নিচে থাকা ইনসুলেটবিহীন পাইপগুলিতে তাপ পাবার জন্য মুল দরজা খুলুন। তাপ যাতে চালু থাকে এবং তাপমাত্রা যাতে 55 ডিগ্রির চেয়ে নিচে নেমে না যায় তা নিশ্চিত করুন।
- যদি আপনার ঘরের বাইরে থাকার পরিকল্পনা থাকে, তাহলে ঠাণ্ডায় জমে যাওয়া রোধ করতে তাপ চালু আছে কিনা দেখার জন্য প্রতিদিন আপনার বাড়ি চেক করার জন্য কাউকে দায়িত্ব দিন, অথবা পানি বের করে দিয়ে ওয়াটার সিস্টেম বন্ধ করে দিন (ঘরের ভেতরের স্প্রিংকলার সিস্টেম ছাড়া)।
- যদি পাইপ ঠাণ্ডায় জমে যায়, তাহলে পাইপ ফেটে গেলে কিভাবে পানি বন্ধ করতে হবে তা আপনার ও আপনার পরিবারের জানা রয়েছে তা নিশ্চিত করুন। পানির প্রবাহ বন্ধ করে দিলে তা আপনার বাড়ির ক্ষতি ন্যূনতম পর্যায়ে রাখবে।
- কখনোই উন্মুক্ত শিখা বা টর্চ দিয়ে জমে যাওয়া পাইপের বরফ গলানোর চেষ্টা করবেন না।
- জমে থাকা পানিতে ও তার আশেপাশে বিদ্যুতের শক লাগার সম্ভাবনার জন্য সবসময় সতর্ক থাকুন।
- একজন প্লাম্বারকে ফোন করুন এবং আপনার ইন্স্যুরেন্স এজেন্টের সাথে যোগাযোগ করুন।

## "আগুন থেকে নিরাপদ থাকুন"

জাতীয়ভাবে ও নিউ ইয়র্ক স্টেটে ঘরে আগুন লাগার প্রধান কারণগুলোর মধ্যে হিটিং ইকুইপমেন্ট অন্যতম। হিটিং ইকুইপমেন্ট থেকে আগুন লাগার সম্ভাবনা উল্লেখযোগ্যভাবে কমিয়ে আনতে অল্প কিছু সহজ পদক্ষেপ গ্রহণ করুন। ঘরের হিটিং নিয়ে আপনি যতই সতর্ক থাকুন না কেন আপনাকে ও আপনার পরিবারকে আগুন লাগার ঘটনার জন্য প্রস্তুত থাকতে হবে:

- একটি মানসম্পন্ন ধোঁয়া ও কার্বন মনোক্সাইড ডিটেক্টর ক্রয় করুন ও সতর্কতার সঙ্গে রক্ষণাবেক্ষণ করুন।
- আগুনের ঝুঁকি দূর করতে বা নিয়ন্ত্রণ করতে আপনার বাড়ি পরীক্ষা করুন।
- বাড়িতে কমপক্ষে 5-পাউন্ড A-B-C ধরনের অগ্নি নির্বাপক যন্ত্র রাখুন এবং কিভাবে সেগুলো ব্যবহার করতে হয় তা পরিবারের সদস্যদেরকে শেখান।
- পুরো পরিবারকে সঙ্গে নিয়ে বের হওয়ার জন্য একটি সুপরিকল্পিত পথ তৈরি করে রাখুন।
- পরিবারের সব সদস্য পরিকল্পনার সাথে পুরোপুরি পরিচিত না হওয়া পর্যন্ত অনুশীলনমূলক ফায়ার ড্রিল আয়োজন করুন।
- যদি আপনার বাড়ি পুরাতন হয়, তাহলে এটি বর্তমান বিল্ডিং কোডগুলো পূরণ করছে কিনা তা নিশ্চিত করতে একজন যোগ্য ইলেকট্রিশিয়ান দিয়ে ওয়্যারিং পরীক্ষা করিয়ে নিন।
- ক্রিয়াসট জমে যাওয়া, ফাটল, ইট বা বালি খসে পড়া এবং যেকোনো প্রতিবন্ধকতা দূর করতে প্রতি বছর আপনার চিমনি ও ফায়ারপ্লেস পরিষ্কার করুন এবং চেক করে দেখুন।
- স্টোরেজের জায়গা পরিষ্কার এবং পরিপাটি রাখুন।
- পর্দা, তোয়ালে এবং পটহোল্ডারগুলোকে উত্তপ্ত পৃষ্ঠতল থেকে দূরে রাখুন।
- দ্রাবক এবং দাহ্য ক্লিনারগুলো তাপের উৎস থেকে দূরে সংরক্ষণ করুন। কখনোই ঘরে গ্যাসোলিন রাখবেন না।
- এক্সটেনশন কর্ডগুলোতে ক্ষয়ে যাওয়া বা উন্মুক্ত তার অথবা লুজ প্লাগ আছে কিনা চেক করুন।

## বাড়ি গরম করার যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ ও পরীক্ষা করুন

দক্ষ বিশেষজ্ঞদের দ্বারা হিট পাম্প, চুল্লি, স্পেস হিটার, কাঠের ও কয়লার চুলা, ফায়ারপ্লেস, চিমনি ও চিমনির সংযোগগুলোর যথাযথ রক্ষণাবেক্ষণ এবং বার্ষিক নিরীক্ষণ আগুন প্রতিরোধ করতে এবং জীবন বাঁচাতে পারে। ইনস্টলেশন (installation), ভেন্টিং (venting), জ্বালানী দেয়া, রক্ষণাবেক্ষণ এবং মেরামতের জন্য প্রস্তুতকারকের নির্দেশাবলী অনুসরণ করুন। পরিচালনা ও নিরাপত্তার ফিচারগুলো আপনার মনে আছে তা নিশ্চিত করতে মালিকের জন্য দেয়া ম্যানুয়ালটি পর্যালোচনা করুন।

**স্পেস হিটার** - আসবাবপত্র, উইন্ডো ট্রিটমেন্ট, বিছানাপত্র, পোশাক, গালিচা এবং অন্যান্য দাহ্য পদার্থ থেকে স্পেস হিটারগুলোকে কমপক্ষে 3 ফুট দূরে রাখুন। বৈদ্যুতিক চুলার সঙ্গে এক্সটেনশন কর্ডগুলির ব্যবহার এড়িয়ে চলুন। রুম ছেড়ে বের হওয়া অথবা ঘুমাতে যাওয়ার আগে সবসময় স্পেস হিটার বন্ধ করুন।

**জ্বালানি দিয়ে চলা যন্ত্রপাতি** - সঠিকভাবে কাজ করার জন্য, বন্ধ করার পদ্ধতি ও সলতে পরীক্ষা করুন। টাটকা জ্বালানি দিয়ে ট্যাঙ্ক ভরে নিন। পুনরায় জ্বালানি ভরার আগে হিটারটি ঠাণ্ডা করে নিন। গরম হিটারে জ্বালানি ভরার সময় বিপজ্জনক আগুন তৈরি হতে পারে।

**কাঠ পুড়িয়ে চলা যন্ত্রপাতি ও ফায়ারপ্লেস** - কাঠের চুলা বা ফায়ারপ্লেসে আবর্জনা পোড়াবেন না। শুধু ভালো উপযুক্ত হার্ডউডস জ্বালান। নিশ্চিত হোন যে আগুন জ্বালিয়েছেন তা তা আপনার অগ্নিকুণ্ড বা স্টোভের সাথে মানানসই, এটি ওভারলোড করবেন না। নিশ্চিত হোন কাঠের চুলা প্রাচীর থেকে অন্তত 36 ইঞ্চি দূরে ইনস্টল করা হয়। অগ্নিকুণ্ড, স্টোভ ও চিমনি থেকে দাহ্য পদার্থ ভালোভাবে সরিয়ে রাখুন। চারপাশের জায়গা পরিচ্ছন্ন রাখুন। আগুন থেকে আসা ফুলকি এবং আগুনের সুত্রপাত প্রতিরোধ করতে সর্বদা ফায়ারপ্লেস স্ক্রিন ব্যবহার করুন। আগুনের কাছে কাউকে না রেখে চলে যাবেন না।

**চিমনি** - চিমনিতে আগুন লাগার প্রধান কারণ হলো ক্রিয়াসট জমে যাওয়া। একটি নোংড়া, বন্ধ হয়ে যাওয়া অথবা অবরুদ্ধ হয়ে যাওয়া চিমনি সঠিকভাবে ধোঁয়া নির্গত করতে না পারার কারণে চিমনিতে আগুনের সুত্রপাত ঘটাতে পারে। চিমনি থেকে আসা প্রায় সব আবাসিক আগুন প্রতিরোধযোগ্য। একজন যোগ্য চিমনি পরিষ্কারকারী দ্বারা প্রতি বছর চিমনি চেক করালে তা আগুন লাগা অথবা কার্বন মনোক্সাইড থেকে হওয়া বিষক্রিয়া প্রতিরোধ করতে পারে।

**ছাই** - কাঠের চুলা ও ফায়ারপ্লেসে অতিরিক্ত ছাই জমা হতে দিবেন না। অতিরিক্ত ছাই জমে যাওয়ার কারণে জ্বলনের জন্য প্রয়োজনীয় বায়ুর প্রচলন রোধ করে। ছাই অপসারণের সময়, টাইট-ফিটিং কভারসহ একটি ধাতব পাত্র ব্যবহার করুন। সর্বদা কাঠামো থেকে দূরে একটি বাইরের অবস্থানে ছাইয়ের স্তূপ করুন। দেখে ঠাণ্ডা মনে হচ্ছে এমন ছাইয়ের মধ্যে ধিকিধিকি করে জ্বলতে থাকা একটি কাঠকয়লা থাকতে পারে যা থেকে আগুন লেগে যেতে পারে।

## কার্বন মনোক্সাইড

- যেকোনো জ্বালানি পোড়ানো হলেই কার্বন মনোক্সাইড উৎপন্ন হয় এবং এটি যুক্তরাষ্ট্রে দুর্ঘটনাজনিত বিষক্রিয়ায় মৃত্যুর প্রধান কারণ।
- কার্বন মনোক্সাইড একটি গন্ধহীন, স্বাদহীন ও অদৃশ্য ঘাতক, এবং এটি শনাক্ত করার একমাত্র নিরাপদ উপায় হলো কার্বন মনোক্সাইড অ্যালার্ম।
- বাড়তি ফিচারের উপর নির্ভর করে কার্বন মনোক্সাইড অ্যালার্মের দাম 20 ডলার থেকে 50 ডলার পর্যন্ত হয়ে থাকে।
- কার্বন মনোক্সাইডের বিষক্রিয়ার লক্ষণগুলোর মধ্যে তন্দ্রা, মাথা ব্যথা ও মাথা ঘোরা অন্তর্ভুক্ত রয়েছে।
- আপনার যদি কার্বন মনোক্সাইডের বিষক্রিয়ার ব্যাপারে সন্দেহ হয়, তাহলে সেখানে বায়ুচলাচলের ব্যবস্থা করুন এবং হাসপাতালে যান।

## হিটিং সংক্রান্ত নিরাপত্তা বিষয়ক অন্যান্য পরামর্শ

- চিমনি ও ভেন্টগুলো রুদ্ধ হয়ে থাকা, ক্ষয়ে যাওয়া ও আলগা হয়ে যাওয়ার জন্য চেক করতে ভুলবেন না।
- ফায়ারপ্লেস ব্যবহারের সময় ধোঁয়া বের হওয়ার পথ পুরোপুরি খুলে দিন।

- স্পেস হিটারে সঠিক জ্বালানি ব্যবহার করুন।
- কখনো ঘরের ভেতরে অথবা আবদ্ধ জায়গায় কয়লা পোড়াবেন না অথবা বার্বিকিউ গ্রিল করবেন না।
- কখনো ঘরের ভেতরে, গ্যারেজে, বা গাড়ির মধ্যে জ্বালানি পুড়িয়ে চলে এমন পোর্টেবল ক্যাম্পিং ইকুইপমেন্ট ব্যবহার করবেন না।
- কখনো বাড়ির সঙ্গে লাগানো গ্যারেজে কোনো গাড়ি চালু অবস্থায় রেখে দিবেন না, এমনকি গ্যারেজের দরজা খোলা থাকলেও।
- লোকজন ঘুমাচ্ছে এমন কোনো ঘরে কখনোই ভেন্টবিহীন, জ্বালানি পুড়িয়ে চলা যন্ত্রপাতি ব্যবহার করবেন না।
- কখনো বাড়ি গরম করার জন্য কিচেন স্টোভ ব্যবহার করবেন না।
- গ্যারেজে, বেজমেন্টে বা বাড়ির কোনো তাকের কাছে কখনো গ্যাস চালিত জেনারেটর চালাবেন না। এটিকে দূরের কোনো জায়গায় রাখুন।

## শীতকালে গাড়ি চালানো

শীতকালীন ঝড়ের সময়ে মৃত্যু ও আঘাতপ্রাপ্তির শীর্ষ কারণ হলো পরিবহন দুর্ঘটনা।

গাড়িতে চলাচল করার আগে আপনার যানবাহন বরফ ও তুষার থেকে মুক্ত আছে তা নিশ্চিত করে নিন; ভালোভাবে দৃষ্টিগোচর হওয়াটা ভালোভাবে গাড়ি চালানোর মূল চাবিকাঠি। আপনার থামার স্থানগুলো সম্পর্কে পরিকল্পনা করে রাখুন এবং গাড়িগুলোর মধ্যে আরো বেশি দূরত্ব রাখুন। গাড়ি চালানোর সময় বাড়তি সতর্কতা অবলম্বন করুন এবং মনে রাখবেন যে তুষারকণা ছোট শিশুদেরকে আড়াল করে দিতে পারে। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

সকল সড়কে চলাচলকারী গাড়ি চালকদের জন্য এটি জেনে রাখা গুরুত্বপূর্ণ যে স্নো-প্লাউগুলো ঘণ্টায় 35 মাইল গতিবেগে চলাচল করে, যা বহু ক্ষেত্রেই পোস্ট করা গতিসীমার চেয়ে কম হয়ে থাকে, যাতে ছিটিয়ে দেয়া লবণগুলো ড্রাইভিং লেনের মধ্যেই থাকে এবং সড়কপথের বাইরে ছিটকে না পড়ে। প্রায় ক্ষেত্রেই ইন্টারস্টেট হাইওয়েগুলোতে স্নো-প্লাউগুলো পাশাপাশি অবস্থান করে কাজ করে থাকে, কারণ এতে একাধিক লেন সর্বাধিক কার্যকর ও নিরাপদ উপায়ে পরিষ্কার করা যায়।

গাড়ি চালক ও পথচারীদেরকেও খেয়াল রাখতে হবে যে স্নো-প্লাউ চালকদের দৃষ্টিগোচরতা সীমিত থাকে, এবং স্নো-প্লাউ এর আকার ও ওজন সেটিকে দ্রুত সরানো ও বন্ধ করা কঠিন করে তুলতে পারে। তুষার-অপসারণ-যন্ত্রের পেছন থেকে বরফ ওড়ানো এর চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়ি চালকদের জন্য গাড়ি চালানোর জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হলো স্নো-প্লাউ এর বেশ পিছনে যেখানে সড়কপথ পরিষ্কার রয়েছে ও লবণ ছিটানো হয়েছে।

নিরাপদে গাড়ি চালানোর জন্য কিছু গুরুত্বপূর্ণ পরামর্শের মধ্যে রয়েছে:

- শীতকালীন ঝড়ের সময়ে প্রয়োজন না হলে গাড়ি চালাবেন না।
- সেতুগুলোতে সতর্কতা অবলম্বন করুন কারণ সেখানে সড়কের তুলনায় অধিক দ্রুত বরফ জমে যায়।
- সড়কপথে পড়ে থাকা ভেজা পাতার ফলে পিচ্ছিল অবস্থা তৈরি হতে পারে, তাই পাতার স্তুপগুলো অতিক্রম করার সময় অপেক্ষাকৃত ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনার গাড়িতে কম্বল, একটি বেলচা, ফ্ল্যাশলাইট ও বাড়তি ব্যাটারি, বাড়তি গরম পোশাক, টায়ার চেইনের সেট, ব্যাটারি বুস্টার ক্যাবল, দ্রুত শক্তিদায়ক খাবার এবং বিপদ সংকেত দেয়ার জন্য ব্যবহারের উদ্দেশ্যে উজ্জ্বল রঙের কাপড়ের টুকরা রয়েছে তা নিশ্চিত করুন।
- গ্যাসোলিন জমে যাওয়া প্রতিরোধ করতে আপনার গ্যাস ট্যাঙ্ক পূর্ণ রাখুন।
- যদি আপনার ব্যবহারের জন্য সেল ফোন অথবা টু-ওয়ে রেডিও থাকে, তাহলে ব্যাটারিতে চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণের সময় সেটি আপনার সঙ্গে রাখুন। যদি আপনি হারিয়ে যান, সাহায্যের জন্য কল করে উদ্ধারকারীদেরকে আপনার লোকেশন জানাতে পারবেন।
- আপনার ভ্রমণ পরিকল্পনা সম্পর্কে অন্য কাউকে জানিয়ে রাখতে ভুলবেন না।
- গাড়ি চালানোর সময়, যানবাহনগুলো বরফ ও তুষার থেকে দূরে রাখুন।
- থামার বিষয়টি পরিকল্পনায় রাখুন এবং গাড়িগুলোর মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় সড়ক ও আবহাওয়ার অবস্থার সঙ্গে আপনার গতির মিল রাখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন